“তোমরা তোমাদের সম্পদ, নফস ও মুখ দিয়ে মুশরিকদের সাথে জিহাদ কর”।

আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন: “তোমরা তোমাদের সম্পদ, নফস ও মুখ দিয়ে মুশরিকদের সাথে জিহাদ কর”।
[সহীহ] [এটি আবূ দাউদ, নাসাঈ ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কাফিরদের সাথে জিহাদ করা এবং সাধ্য মোতাবেক সব উপায়-উপকরণ দিয়ে তাদের মোকাবিলা করার নির্দেশ দিয়েছেন, যেন আল্লাহর কালিমা বুলন্দ হয়, তন্মধ্যে হল: প্রথমত: তাদের সাথে জিহাদে অর্থ ব্যয় করা, যেমন অস্ত্র খরিদ করা ও মুজাহিদদের উপর ব্যয় করা প্রভৃতি। দ্বিতীয়ত: কাফিরদের সাথে সাক্ষাত ও তাদের প্রতিহত করার জন্য শরীর ও নফস নিয়ে বের হওয়া। তৃতীয়ত: এই দীনের প্রতি মুখে তাদেরকে দাওয়াত দেওয়া, তাদের উপর দলিল সাব্যস্ত করা, তাদের শাসানো এবং তাদের প্রতিহত করা।

http://sunnah.global/hadeeth/bn/show/64597